

কার যেন এই মনের বেদন
 চৈত্রমাসের উতল হাওয়ায়,
 ঝুমকোলতার চিকন পাতা
 কাঁপে রে কার চমকে-চাওয়ায় ॥
 হারিয়ে-যাওয়া কার সে বাণী
 কার সোহাগের স্মরণখানি
 আমার বোলের গন্ধে মিশে
 কাননকে আজ কান্না পাওয়ায় ॥
 কাঁকন-দুটির রিনিঝিনি
 কার বা এখন মনে আছে ।
 সেই কাঁকনের ঝিকিঝিকি
 পিয়ালবনের শাখায় নাচে ।
 যার চোখের ওই আভাস দোলে
 নদী-ঢেউয়ের কোলে কোলে
 তার সাথে মোর দেখা ছিল
 সেই সেকালের তরী-বাওয়ায় ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail